



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং প্রশাসন/ ২৬৪

তারিখঃ ০৫/০৬/২০২২

বিষয়ঃ বোর্ডকর্তৃক নির্ধারিত ইআইআইএন সম্বলিত অফিশিয়াল মোবাইল সিম “উত্তোলনের জন্য আবেদন” অথবা “পুরাতন ইআইআইএন সম্বলিত সিম রিপ্লেসমেন্ট” এর জন্য আবেদন প্রসঙ্গে।

সূত্রঃ গ্রামীণফোনের সাথে ১৪ মার্চ, ২০১৯ তারিখে স্বাক্ষরিত চুক্তি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানপ্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সংগে শিক্ষা মন্ত্রণালয় ও এর বিভিন্ন সংস্থার (যেমন; মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বিভিন্ন শিক্ষা বোর্ড, ব্যানবেইজ ইত্যাদি) সাথে জরুরি যোগাযোগ সহজিকরন ও বিভিন্ন অনলাইন সেবা দ্রুত ও সাশ্রয়ী করার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের ইআইআইএন এর ৬ ডিজিট ব্যবহার করে বিনামূল্যে অফিশিয়াল মোবাইল সিম ইতোমধ্যে সরবরাহ করা হয়েছে।

ভর্তির অনুমতিপ্রাপ্ত নতুন প্রতিষ্ঠানের ইআইআইএন সম্বলিত সিম উত্তোলন করা এবং ইতোমধ্যে সরবরাহকৃত সিম হারিয়ে যাওয়া বা যেকোন কারণে নষ্ট হওয়ার কারণে সিম রিপ্লেসমেন্টের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। একাজটি সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য একটি সিস্টেম ডেভেলপ করা হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে “সিম ব্যবস্থাপনা” কনারে চুকে অপারেশন ম্যানুয়াল অনুসরণ করে আবেদন করতে হবে। আবেদনটি প্রিন্ট করে নিকটস্থ গ্রামীণ ফোনের কাস্টমার কেয়ার সার্ভিসে যোগাযোগ করে সিম সংগ্রহ করতে হবে।

ছাত্র-ছাত্রীর তথ্যসহ প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্যের সর্বোচ্চ নিরাপত্তার স্বার্থে প্রদত্ত সিমযুক্ত মোবাইল সেটটি কোনভাবেই হস্তান্তর করা যাবে না, বোর্ডের যেকোনো প্যানেলে কাজ করতে হলে এ সিমযুক্ত মোবাইলে (OTP-one time password) পাসওয়ার্ড প্রদান করা হবে যা ব্যবহার করে রেজিস্ট্রেশন, ফরম-ফিলাপ, ব্যবহারিক নম্বর প্রদান ইত্যাদি কাজ করতে হবে। প্রতিষ্ঠানের এ সিমটি সার্বক্ষণিক সচল রাখার জন্য পরামর্শ দেয়া হ’ল।

প্রতিষ্ঠানপ্রধানসহ সংশ্লিষ্ট সকলকে এ কাজে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ’ল।

প্রফেসর তপন কুমার সরকার

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা